**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 09-05-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling : DSS**

**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর ঃ-</u>

১/ পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার পর দেশ জুড়ে উত্তেজনার মধ্যেই ভারত জম্মু কাশ্মীর ও পাঞ্জাবে পাকিস্তানের বিভিন্ন আক্রমণের চেষ্টা ব্যর্থ করে দিয়েছে।

# ভারতীয় সশস্ত্র বাহিনীও, পাকিস্তানের বিভিন্ন স্থানে বিমান ও প্রতিরক্ষা র‍্যাডার লক্ষ্য করে পালটা জবাব দিয়েছে।

২/ ভারতের ‘অপারেশন সিন্দুর’ অভিযানের পর এরাজ্যের সীমান্তবর্তী এলাকা সহ বিভিন্ন জায়গায় নজরদারি আরো বাড়ানো হয়েছে।

৩/ কেন্দ্রীয় সরকার, পাকিস্তানের সিনেমা, ওয়েব সিরিজ সহ অন্যান্য কন্টেন্ট, OTT প্ল্যাটফর্ম বা মিডিয়া চ্যানেল থেকে সরানোর নির্দেশ দিয়েছে।

৪/ সাম্প্রতিক পরিস্থিতিতে রাজ্য সরকারি কর্মীদের ছুটি বাতিল।

# সরকারি স্কুলে গরমের ছুটির মেয়াদ বাড়ানো হয়েছে দোসরা জুন পর্যন্ত।

৫/ আজ ২৫ শে বৈশাখ। দেশ জুড়ে সাম্প্রতিক উত্তেজনার আবহেই নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪-তম জন্মবার্ষিকী।

*******************************************************************

পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলার পর দেশ জুড়ে উত্তেজনার মধ্যেই ভারত গতকাল জম্মু কাশ্মীর ও পাঞ্জাবে পাকিস্তানের বিভিন্ন আক্রমণের চেষ্টা ব্যর্থ করে দিয়েছে। প্রতিরক্ষা বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, জম্মু কাশ্মীরের সাতওয়ারি, সাম্বা, আর এস পুরা ও আর্নিয়া সেক্টর লক্ষ্য করে  গতরাতে ৮'টি ক্ষেপণাস্ত্র ছোঁড়ে পাক বাহিনী। সবক'টি ক্ষেপণাস্ত্রই ভারত নিষ্ক্রিয় করে দিয়েছে। জম্মুর এই হামলা, ইজরায়েলে হামাসের আক্রমণের ধাঁচে করা হয় বলে সূত্রের খবর। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, জম্মু, পাঠানকোট ও উধমপুরে আন্তর্জাতিক সীমান্তবর্তী সামরিক ঘাঁটিগুলি লক্ষ্য করে পাকিস্থান ক্ষেপণাস্ত্র ও ড্রোন নিক্ষেপ করে। তবে ভারতীয় সশস্ত্র বাহিনী তা' প্রতিহত করেছে। কোনো ক্ষয়ক্ষতি বা হতাহতের  খবর নেই। পশ্চিমাঞ্চলের বেশ কিছু জায়গায় গতকাল ড্রোন উড়তে দেখা যায়। সেগুলি হামলার উদ্দেশে ব্যবহার করা হলেও, ভারতের পক্ষ থেকে ক্রমাগত নজরদারির ফলে তা' সফল হয়নি। এরই মধ্যে জম্মু কাশ্মীরের সাম্বা জেলায় আন্তর্জাতিক সীমান্ত এলাকায় BSF গতরাতে এক অনুপ্রবেশের চেষ্টা ব্যর্থ করে দেয়।

অন্যদিকে পাঞ্জাবের পাঠানকোট, জলন্ধর, অমৃতসর ও ভাতিন্ডায় সশস্ত্র বাহিনী গতরাতে একাধিক হামলার চেষ্টা প্রতিহত করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, সেখানে পাকিস্তানের পক্ষ থেকে ড্রোন ছোঁড়া হলেও, তা' নিষ্ক্রীয় করে দেয় ভারতীয় সেনারা।

*************************

ভারতীয় সশস্ত্র বাহিনী গতকাল পাকিস্তানের বিভিন্ন স্থানে বিমান প্রতিরক্ষা রাডার এবং সিস্টেম লক্ষ্য করে হামলা চালায়। পালটা জবাব দিয়েছে প্রতিরক্ষা মন্ত্রকের তথ্য অনুযায়ী, লাহোরে একটি বিমান প্রতিরক্ষা সিস্টেম নিষ্ক্রিয় করা হয়েছে। পাকিস্তানের হামলার উপযুক্ত জবাব ভারতীয় বাহিনী দিয়েছে বলেও মন্ত্রক জানিয়েছে।

*************************

পাকিস্তানের দিক থেকে সাম্প্রতিক আক্রমণের প্রেক্ষিতে কিষাণগড়, ভুন্তার ও লুধিয়ানা বিমানবন্দর, বন্ধ করে দেওয়া হয়েছে। এর আগে রাজস্থান,পাঞ্জাব, জম্মু কাশ্মীর, চণ্ডীগড় ও হিমাচল প্রদেশেও বেশ কিছু বিমানবন্দরও বন্ধ করে দেওয়া হয়।

এদিকে, অসামরিক উড়ান চলাচল মন্ত্রক, দেশ জুড়ে সমস্ত বিমানবন্দর বন্ধ করে দেওয়া হয়েছে বলে সংবাদমাধ্যমে প্রকাশিত খবর, ভিত্তিহীন বলে খারিজ করে দিয়েছে।

*************************

বিদেশমন্ত্রী ডঃ সুব্রমনিয়াম জয়শঙ্কর বলেছেন, পহেলগাঁও হামলা ভারতকে, সীমান্ত পেরিয়ে জঙ্গী কার্যকলাপের প্রত্যুত্তর দিতে বাধ্য করেছে। তিনি গতকাল নতুন দিল্লীতে ইরানের বিদেশমন্ত্রী ডঃ সৈয়দ আব্বাস আরাঘচির সঙ্গে দু দেশের ২০তম যৌথ কমিশন বৈঠকে যুগ্মভাবে সভাপতিত্ব করে এ’কথা বলেন। তিনি আবারো বলেন, পাকিস্তানের সঙ্গে সম্পর্ক উত্তেজনাপূর্ণ করে তোলা দেশের উদ্দেশ্য নয়, কিন্তু সামরিক হামলা যদি চলতে থাকে তাহলে তার যোগ্য জবাব দেওয়া হবে।

*************************

নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে বিদেশ সচিব বিক্রম মিশ্রী বলেন, কোনোভাবেই উত্তেজনা বাড়ানো ভারতের অভিপ্রায় নয়। সেজন্যই পাকিস্তানের জঙ্গী পরিকাঠামো লক্ষ্য করেই আক্রমণ চালানো হয়েছে।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বর্তমান পরিস্থিতিতে তৃণমূল স্তরে রাজ্যগুলির সঙ্গে নিবিড় সমন্বয় বজায় রেখে কাজ করার ওপরে গুরুত্ব দিয়েছেন। তিনি গতকাল নতুন দিল্লিতে বিভিন্ন মন্ত্রক ও দপ্তরের সচিবদের নিয়ে এক উচ্চপর্যায়ের বৈঠক করেন।

জাতীয় নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ের পাশাপাশি দপ্তরগুলির প্রস্তুতি এবং আন্তঃমন্ত্রক যোগাযোগ বাড়ানোর ব্যাপারে বৈঠকে আলোচনা হয়।

**************************

পহেলগাঁওয়ে পর্যটকদের ওপর জঙ্গী হামলার জবাবে 'অপারেশন সিন্দুর'-এর প্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর পৌরহিত্যে গতকাল এক সর্বদলীয় বৈঠক হয়। সংসদ ভবন চত্বরে ওই বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা নেত্রীরা 'অপারেশন সিন্দুর' ও সন্ত্রাসবাদ বিরোধী অভিযান চলাকালীন ভারতীয় সেনার শৌর্য ও সাহসের প্রশংসা করেন।

**************************

পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলা এবং তার প্রেক্ষিতে ভারতীয় সেনাবাহিনীর 'অপারেশন সিন্দুর' অভিযানের পর এরাজ্যের সর্বত্র, বিশেষ করে সীমান্তবর্তী এলাকায় নজরদারি আরো বাড়ানো হয়েছে। উত্তর ও দক্ষিবঙ্গে প্রতিবেশী বাংলাদেশ, নেপাল, ভুটান ও আসাম সীমান্তবর্তী এলাকায় BSF-এর পাশাপাশি রাজ্য পুলিশের টহলদারি বাড়ানো হয়েছে। নবান্ন সূত্রে জানা গেছে, সুন্দরবনের জলপথেও পেট্রোলিং বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। শিলিগুড়িতে বাইশ কিলোমিটার এলাকায় 'চিকেনস নেক' করিডরকে সুরক্ষিত রাখতে নেওয়া হয়েছে বিশেষ ব্যবস্থা।

এরই মধ্যে BSF-এর পূর্বাঞ্চলীয় কম্যান্ডের অতিরিক্ত মহা নির্দেশক মহেশ কুমার আগরওয়াল গতকাল কোচবিহারের তিনবিঘা করিডর পরিদর্শন করেন। খতিয়ে দেখেন নিরাপত্তা ব্যবস্থা।

উত্তর ২৪ পরগণার পেট্রাপোল সীমান্তে টহলদারি বাড়ানো হয়েছিল। পাশাপাশি বাগদা ও গাইঘাটা সীমান্তবর্তী এলাকাতেও বাড়ানো হয়েছে নজরদারি।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন-

( ভিসি অভিরূপ ৭-৩৫ )

উদ্ভূত পরিস্থিতিতে পূর্বরেল’ও বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। নিরাপত্তা রক্ষায় কি কি ব্যবস্থা নেওয়া ব্যবস্থা নেওয়া হয়েছে, আকাশবাণীকে তা’ জানালেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত ।

( বাইট- দীপ্তিময় রেল ৭-৩৫ )

*************************

সরকার, পাকিস্তানে তৈরী ওয়েব সিরিজ, ফিল্ম এবং অন্যান্য কন্টেন্ট OTT প্ল্যাটফর্ম এবং মিডিয়া চ্যানেল থেকে সরিয়ে দেওয়ার জন্য বলেছে। অবিলম্বে এই নির্দেশ কার্যকর হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের পক্ষ থেকে গতকাল এক নির্দেশিকা জারি করে সংশ্লিষ্ট পক্ষগুলিকে জানানো হয়েছে, পহেলগাঁও জঙ্গী হামলার প্রেক্ষিতে জাতীয় নিরাপত্তার স্বার্থেই এই সিদ্ধান্ত।

*************************

বর্তমান পরিস্থিতির সুযোগ নিয়ে অসাধু ব্যবসায়ীরা যাতে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম না বাড়ায় রাজ্য সরকার সেদিকে কড়া নজর রাখছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নবান্নে গতকাল উচ্চ পর্যায়ের এক বৈঠকে একথা জানান। এজন্য তিনি বাজারে আরো সক্রিয়ভাবে নজরদারির জন্য প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

*************************

পশ্চিমবঙ্গে সাম্প্রতিক পরিস্থিতিতে সরকারি কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। রাজ্য অর্থ দপ্তর গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তি জা্রি করে। চিকিৎসাজনিত কারণ ছাড়া এই মুহূর্ত রাজ্য সরকারি কর্মীদের কোন ছুটি অনুমোদিত হবে না বলে এতে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে। চিকিৎসার কারণ ছাড়া যারা ছুটি নিয়েছেন সেই সমস্ত ছুটি বর্তমানে বাতিল বলে গণ্য করা হবে। বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে, সাধারণ মানুষের স্বার্থেই সরকারের এই সিদ্ধান্ত।

এদিকে কলকাতা পুরসভাও সাম্প্রতিক পরিস্থিতিতে সমস্ত কর্মিদের ছুটি বাতিল করেছে।

*************************

রাজ্যের সরকারি স্কুলে গরমের ছুটির মেয়াদ বাড়ানো হল। স্কুল খুলবে দোসরা জুন। ৩০ শে এপ্রিল থেকে স্কুলে গরমের ছুটি পড়েছে। স্কুল শিক্ষা দপ্তর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, গরমের ছুটির পর ১৩ই মে প্রাথমিক স্কুল এবং ২৪ শে মে মাধ্যমিক স্কুল খোলার কথা ছিল। কিন্তু বর্তমান পরিস্থিতির কথা মাথায় রেখে ছুটির মেয়াদ ৩১ মে পর্যন্ত বাড়ানো হয়েছে। মাঝে পয়লা জুন রবিবার বাদে, স্কুল খুলবে দোসরা জুন সোমবার থেকে। দার্জিলিং ও কালিম্পং স্কুলগুলির জন্যও এই নির্দেশ কার্যকর হবে।

*************************

আজ ২৫ শে বৈশাখ। পহেলগাঁও এ সন্ত্রাসবাদী হামলার পর দেশ জুড়ে সাম্প্রতিক উত্তেজনার আবহেই কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মদিবস উপলক্ষ্যে নাচে , গানে, কবিতায়, সকাল থেকে রাজ্যের সর্বত্র তাঁর প্রতি শ্রদ্ধা জানাচ্ছেন আপামর বঙ্গবাসী।

বিশ্বকবির জন্মদিনে আকাশবাণী সংবাদের একটি শ্রদ্ধার্ঘ্য-

( ভিসি – অভিজিত )

**********************************************************************